# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৯ জুলাই, ২০১৩

সময় ঃ বেলা ১১-০০ টা

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২০ জুন, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২০ জুন, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ জুন, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০১৩ মাসে গৃহকর বাবদ ৪২,৭০,২৪৮.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ২২,২৫,১৪১.০০ আদায় হয়েছে। মে, ২০১৩ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায়ের হার ১১৫.৮৮%।

আলোচ্যসূচী-৩ঃ জুন, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ জুন, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ স্টেশন হেলথ অর্গাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত জুন, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের বিভিন্ন স্থানে ময়লা-আবর্জনা এবং ঘাস ও আগাছা বৃদ্ধি পেয়েছে। মশার উপদ্রবও বেশ বৃদ্ধি পেয়েছে। এছাড়া বেশ কয়েকটি ম্যানহোল কাভার ও সেপটিক ট্যাংকের ঢাকনা নেই। রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বুচারীখানার পশ্চিম পার্শ্বের খাবার হোটেল নোংরা, দুর্গন্ধযুক্ত ও অস্বাস্থ্যকর বিধায় তাৎক্ষণিকভাবে তা বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত পর্যালোচনান্তে দাখিলকৃত স্বাস্থ্য প্রতিবেদন মোতাবেক স্ব স্ব দায়িত্ব সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৮, রোড#৪, ফ্ল্যাট#২-বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ সফিউল আলম (নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী# ২৮, রোড#৪, ফ্ল্যাট#২-বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৪/৩/২০১৩ | ডাঃ নিশাত বেগম স্বামী- ব্রিগেঃ জেনাঃ মুন্সি মোঃ মুজিবুর রহমান উজ্জীবন ৪/বি, আজিজ পল্লী, ঢাকা সেনানিবাস। | ২৩/৬/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.২৩.০৬.১৩ | ফ্ল্যাটের আয়তন- ২০৫৪ বঃ ফুঃ (কার পার্কিংসহ) বার্ষিক গৃহকর- ১৫,০০০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (২) | বাড়ী# ৫৯, রোড#৭, ফ্ল্যাট#২-বি (৩য় তলা পশ্চিম) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সুকান্তা করিম পিতা- মরহুম রেজাউল করিম বাড়ী#২০, রোড#৪, সেক্টর#৩ উত্তরা মডেল টাউন, ঢাকা ১১/৭/২০১২ | মিসেস পারভীন আলম স্বামী- মোহাম্মদ শাহ আলম বাড়ী# ৫৯, রোড#৭, ফ্ল্যাট#২-বি (৩য় তলা পশ্চিম) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৬/৭/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৬.০৭.১৩ | ফ্ল্যাটের আয়তন- ২০০০ বঃ ফুঃ নিচলতায় কার পার্কিং- ২৯০বঃ ফুঃ বার্ষিক গৃহকর- ১৫,০০০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#১৫/সি ফ্ল্যাট#৪-বি, রোড#২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন (নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী#১৫১, ইস্টার্ণ রোড, লেন#৪, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) শরীফ মাহমুদুল হক পিতা- কর্ণেল (অবঃ) ফজলুল হক বাড়ী#১৫/সি ফ্ল্যাট# ৪-বি রোড#২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-০৩/৭/২০১৩ | ০৬/৩/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১ .২০০.০২.১২ ১.ফ্ল্যাট.৩৫৩ ৫ | ০৬/৫/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যা ঃবাঃএঃ/প্লট নং- ১৫/সি/ফ্ল্যাট নং-৪-বি/২৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-৩৪২৫ বঃ ফুঃ (১৭ ও ১৮ নং ২টি কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ২২,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (২) | বাড়ী#১১/এ ফ্ল্যাট#এ-২, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব আবুল খায়ের তরিকুল ইসলাম (নিযুক্তীয় আম-মোক্তার) ১/১৩, ইকবাল রোড মোহাম্মদপুর, ঢাকা। | জনাব মোঃ শামসুল হক পিতা- মরহুম মোস্ত াজ উদ্দিন মৃধা বাড়ী#১১/এ ফ্ল্যাট#এ-২, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-১০/৭/২০১৩ | ২৯/৩/২০১২ তারিখের ২৩.০৫.৫০১ .৩০০.১০.০ ২৯.০১.২৯.০ ৩.১২ | ২২/৫/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যা ঃবাঃএঃ/প্লট নং- ১৫/এ/ফ্ল্যাট নং-এ-২/৪০ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২২১২ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৩) | বাড়ী#৬৫ ফ্ল্যাট#বি-৫, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | এ টি এম ইয়াসিন ফেরদৌস বাড়ী#৬৫ রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোহাম্মদ ইউসুফ পিতা- মরহুম ডাঃ এম এম আমজাদ হোসেন বাড়ী#৬৯ ফ্ল্যাট#৫০২ (৫ম তলা), রোড#৭, ক্যানমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-০৯/৭/২০১৩ | ১৯/১/২০১১ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫/ক | ০৪/১/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যা ঃবাঃএঃ/প্লট নং-৬৫/ফ্ল্যাট নং-বি-৫/২৮ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২২০০ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর- ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ধামালকোট মৌজার 'সি' শ্রেণী ভুক্ত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন সিএস-৯২ দাগের ২০ শতাংশ জমি আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্টের বাণিজ্যিক প্রতিষ্ঠান ট্রাষ্ট সিকিউরিটি এন্ড লজিস্টিক সার্ভিস এর যানবাহন পার্কিংসহ চালকদের থাকার অস্থায়ী টিনশেড নির্মাণ করার অনুমতি প্রদানের বিষয়ে আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্টের ১৯/৬/২০১৩ তারিখের ৪৭২৬/২/টিএসএলএস/প্রকল্প নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ধামালকোট মৌজার 'সি' শ্রেণীভুক্ত সিএস-৯২ দাগের প্রস্তাবিত জমিটির বিষয়ে জানা যায় যে, ২৮/৫/১৯৬৮ তারিখে ৮২ নং প্লটটি জনাব সৈয়দ সফিউদ্দিন আহমেদ ও ৮৩ নং প্লটটি জনাব শাহজামান এর নামে ইজারা প্রদান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা গ্রহীতা বাড়ী না করাসহ শর্ত ভঙ্গ করায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে ইজারা বাতিলের প্রস্তাবসহ ট্রাষ্ট সিকিউরিটি এন্ড লিজিস্টিক সার্ভিস এর নিকট নিম্নবর্ণিত শর্তাধীনে ভাড়া দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) উক্ত প্লট সংলগ্ন সেনা পরিবার কল্যাণ সমিতির নিকট হতে অনাপত্তি গ্রহণ করতে হবে।

(খ) প্রস্তাবিত জমিটি ০১(এক) বছরের জন্য ভাড়া চুক্তির মাধ্যমে ভাড়া প্রদান করা হবে।

(গ) প্রতি বর্গফুট জমির মাসিক ভাড়া ৪.৫০ (চার টাকা পঞ্চাশ পয়সা) হারে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে পরিশোধ করতে হবে।

(ঘ) উক্ত জমিতে কোন স্থায়ী স্থাপনা নির্মাণ করা যাবে না। তবে যে কোন ধরনের অস্থায়ী স্থাপনা/শেড নির্মাণ করতে হলেও বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে।

(ঙ) বোর্ডের প্রয়োজনে ৩০(ত্রিশ) দিনের নোটিশে উক্ত জমি খালি করে দিতে হবে এবং জমিতে নির্মিত স্থাপনা নিজ খরচে অপসারণ করতে হবে। এর জন্য বোর্ডের নিকট কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

আলোচ্যসূচী-৮ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলা ১১ নং দোকানটি ইজারা/বরাদ্দের বিষয়ে গাজী রেবেকা রওশন, প্রযত্নে- মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, এইচডিএমসি, পিএসসি এর ২৭/৬/২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলা ১১ নং দোকানটির ইতোপূর্বের ইজারা বাতিলপূর্বক উক্ত দরে দোকানটি গাজী রেবেকা রওশন, প্রযত্নে- মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, এইচডিএমসি, পিএসসি এর অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর টোল ফি বৃদ্ধির বিষয়ে ইজারাদার মোঃ রতন সিকদার এর ২৪ জুন, ২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর টোল নিম্নবর্ণিত হারে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) প্রাইভেট কার/জীপ -- ১০/- (দশ) টাকা
(খ) মোটর সাইকেল -- ০৫/- (পাঁচ) টাকা
(গ) পিকআপ -- ২০/- (বিশ) টাকা

এছাড়াও ইজারাদারকে দৈনিক ১,০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকার পরিবর্তে ২,১০০/- (দুই হাজার একশত) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, সামরিক যানবাহন এবং স্টেশন সদর দপ্তর হতে ইস্যুকৃত A1 এবং A2 স্টীকার যুক্ত গাড়ী হতে কোন পার্কিং ফি আদায় করা যাবে না।

আলোচ্যসূচী-১০ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২১টি দোকান/স্পেস এবং রজনীগন্ধা টাওয়ার এর ৬টি দোকান ইজারা দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপেক্স এর ৫৪ টি দোকান/স্পেস এবং রজনীগন্ধা টাওয়ার এর ৩৬ টি দোকান/ডাক্তার চেম্বার/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৪/৬/২০১৩ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপেক্স এর তলাভিত্তিক ২১ টি দোকান/স্পেসের এবং 'রজনীগন্ধা টাওয়ার' এর ০৬ টি দোকান/ডাক্তার চেম্বার/স্পেস এর জন্য দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপেক্স এর ৪র্থ তলার ২৬ নং দোকানের জন্য নুসরাত জাহান এবং মেজর জেনারেল মোহাম্মদ রুহুল আমিন (অবঃ) উভয়েই একই দর প্রদান করেন। গত ২৫/৬/২০১৩ তারিখে দরদাতাগণের উপস্থিতিতে লটারীর আয়োজন করা হলে মেজর জেনারেল মোহাম্মদ রুহুল আমিন (অবঃ) বিজয়ী হন। প্রাপ্ত দরপত্রসমূহ দর যাচাই-বাছাই কমিটি কর্তৃক গৃহীত হওয়ায় নিম্নোক্তভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

## মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স

| ক্র/ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১) | মিসেস জোহরা বেগম | ১ম তলা-২৩ | ১০১.৬৯ | ১৭০০০/- | ২৭৭০৫/- | ২৮,১৭,৩২১.৪৫ | ০৭ টি |
| ২) | জনাব মোঃ জাহিদুল ইসলাম | ২য় তলা-২৯ | ৯৮.০৯ | ১৬০০০/- | ২১৭০৫/- | ২১,২৯,০৪৩.৪৫ | ০৪ টি |
| ৩) | (১) মোসাঃ আমেনা বেগম<br>(২) আফরোজা বেগম | ৩য় তলা-০৮ | ১৪৩.৬৬ | ১৫০০০/- | ১৭১১১/- | ২৪,৫৮,১৬৬.২৬ | ০৫ টি |
| ৪) | লেঃ কর্ণেল হাসান মাহমুদ (অবঃ) | ৩য় তলা-০৯ | ১৪৩.৬৬ | ১৫০০০/- | ১৬৬১৬/- | ২৩,৮৭,০৫৫.০০ | ০১ টি |
| ৫) | মহাব্বতুন নাহার | ৩য় তলা-১১ | ১১৬.৫৫ | ১৫০০০/- | ২৩৭০৫/- | ২৭,৬২,৮১৭.৭৫ | ০১ টি |
| ৬) | ব্রিগেঃ জেনাঃ এ এইচ এম মকবুল হোসেন, এনডিসি, পিএসসি (অবঃ) | ৩য় তলা-২৭ | ১৬৭.১৮ | ১৫০০০/- | ২১০০০/- | ৩৫,১০,৭৮০.০০ | ০৪ টি |
| ৭) | জনাব মোঃ রেজাউল করিম | ৪র্থ তলা-০২ | ১৩১.৯০ | ১৪৫০০/- | ১৫৬৩৩/- | ২০,৬১,৯৯২.০০ | ০১ টি |
| ৮) | জনাব মোঃ সারোয়ার হোসেন | ৪র্থ তলা-১০ | ১১১.৩১ | ১৪৫০০/- | ১৯৫৯৫/- | ২১,৮১,১১৯.৪৫ | ০১ টি |
| ৯) | জনাব মোঃ সাইফুল ইসলাম | ৪র্থ তলা-১১ | ১১৬.৫৫ | ১৪৫০০/- | ১৫২১০/- | ১৭,৭২,৭২৫.৫০ | ০১ টি |
| ১০) | জনাব তানিসুল তানভীর | ৪র্থ তলা-১২ | ১১১.৮৩ | ১৪৫০০/- | ১৭৯০৫/- | ২০,০২,৩১৬.১৫ | ০১ টি |
| ১১) | জনাব মোঃ জহিরুল ইসলাম | ৪র্থ তলা-১৪ | ১০১.৬৯ | ১৪৫০০/- | ১৮৯০১/- | ১৯,২২,০৪২.০০ | ০৩ টি |
| ১২) | লেঃ কর্ণেল মোঃ আব্দুল হান্নান (অবঃ) | ৪র্থ তলা-১৫ | ১২৮.৫০ | ১৪৫০০/- | ১৪৫০০/- | ১৮,৬৩,২৫০.০০ | ০১ টি |
| ১৩) | মেজর জেনাঃ মোহাম্মদ রুহুল আমিন (অবঃ) | ৪র্থ তলা-২৬ | ২০৯.৬৭ | ১৪৫০০/- | ১৫৫০০/- | ৩২,৪৯,৮৮৫.০০ | ০২ টি লটারীতে বিজয়ী |
| ১৪) | জনাব জিয়াউল আহসান | ৪র্থ তলা-২৭ | ১৬৭.১৮ | ১৪৫০০/- | ১৫৪০০/- | ২৫,৭৪,৫৭২.০০ | ০১ টি |
| ১৫) | মিসেস আফরোজা ফিরোজ | ৪র্থ তলা-২৯ | ১০৩.৩৮ | ১৪৫০০/- | ১৬৫০২/৫০ | ১৭,০৬,০২৮.৪৫ | ০১ টি |
| ১৬) | লেঃ কর্ণেল তারেকুল আলম খান (অবঃ) | ৫ম তলা-০৬ | ১৪৩.৬৬ | ১৪০০০/- | ১৪২১১/- | ২০,৪১,৫৫২.২৬ | ০১ টি |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৭) | মিঃ জেমস হারনী | ৫ম তলা-১৩ | ২০১.২৬ | ১৪০০০/- | ১৫০০০/- | ৩০,১৮,৯০০.০০ | ০১ টি |
| ১৮) | জনাব মোঃ আলী আফজাল মোবিন | ৫ম তলা-২২ | ১২৮.৫০ | ১৪০০০/- | ১৫২০০/- | ১৯,৫৩,২০০.০০ | ০১ টি |
| ১৯) | জনাব মোহাম্মদ আশরাফুল ইসলাম, মামুন | ৫ম তলা-২৩ | ১২৫.৫০ | ১৪০০০/- | ১৫০০০/- | ১৯,২৭,৫০০.০০ | ০১ টি |
| ২০) | জনাব মোঃ আলমগীর আলম | ৫ম তলা-২৪ | ১২৮.৫০ | ১৪০০০/- | ১৬৫০০/- | ২১,২০,২৫০.০০ | ০২ টি |
| ২১) | উইং কমান্ডার আব্দুল হাই মিয়া (অবঃ) | ৫ম তলা-৩০ | ৯৮.০৯ | ১৪০০০/- | ১৪১১১/- | ১৩,৮৪,১৪৮.০০ | ০১ টি |

## রজনীগন্ধা টাওয়ার

| ক্র/ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১) | জনাব আসিফুল আবদুল্লাহ ইউসুফ | ২য় তলা-১০ | ১৩৪.০০ | ১৬০০০/- | ১৭০০০/- | ২২,৭৮,০০০.০০ | ০১ টি |
| ২) | মেজর মোহাম্মদ ইউসুফ মোড়ল | ৩য় তলা-১৫ | ১৩৬.৬৫ | ১৫০০০/- | ১৮৫০০/- | ২৫,২৮,০২৫.০০ | ০১ টি |
| ৩) | নাজনীন আরা | ৩য় তলা-২৫ | ১৩৮.৪১ | ১৫০০০/- | ১৬৩০০/- | ২২,৫৬,০৮৩.০০ | ০২ টি |
| ৪) | ডাঃ ইশরাত জেরিন লিরা | ৫ম তলা-০৪ | ১২০.০০ | ১৪০০০/- | ১৪৫০০/- | ১৭,৪০,০০০/- | ০১ টি |
| ৫) | কর্ণেল শাহরিয়ার আহমেদ (অবঃ) | ৬ষ্ঠ তলা অফিস স্পেস-১ | ১৪৭৫.০০ | ১২০০০/- | ১৪৬০০/- | ২,১৫,৩৫,০০০/- | ০১ টি |
| ৬) | লেঃ কর্ণেল (অবঃ) ডাঃ শামীমা সামাদ | ৬ষ্ঠ তলা ডাঃ চেম্বার-০৬ | ১১০.০০ | ১২০০০/- | ১৩১০০/- | ১৪,৪১,০০০/- | ০১ টি |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

**আলোচ্যসূচী-১১ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন সদর মহাখালী এলাকার ৩৮ নং বাড়ীর ভাড়া প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন সদর মহাখালী এলাকার ৩৮ নং প্লটে নির্মিত ভবনটি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৩ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে অনুষ্ঠিত ৫২তম সভার ১.১.১২ নং সিদ্ধান্তের মাধ্যমে নীচ তলা সিএসডি-কে এবং ২য় তলা মহাখালী ডিওএইচএস পরিষদকে প্রত্যেককে মাসিক ১,০০০/- টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে ০১ জুন, ২০১১ তারিখ হতে ৩১ মে, ২০১৩ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ব্যবহারের অনুমতি প্রদান করা হয়। ডিওএইচএস পরিষদ কর্তৃক অদ্যাবধি কোন ভাড়া পরিশোধ করা হয়নি এবং সিএসডি কর্তৃক ২৪০০০/- টাকার মধ্যে ১৭,০০০/- টাকা পরিশোধ করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে ডিওএইচএস পরিষদ এবং সিএসডি-কে বকেয়া ভাড়া পরিশোধসহ ভাড়ার মেয়াদ শেষ হওয়ায় ০১ জুন, ২০১৩ তারিখ হতে প্রতি বর্গফুট ২/- (দুই) টাকা হারে নতুনভাবে বোর্ডের সংগে ভাড়া চুক্তি সম্পাদন করার জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যসূচী-১২ঃ** মহাখালী ডিওএইচএস এর ৩৯৬ নং বাড়ীর ভাড়াটিয়া মেজর জেনাঃ মনজুরুল আলম (অবঃ) এর ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত ১০/৭/২০১৩ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** মেজর জেনারেল মনজুরুল আলম (অবঃ), ৩৯৬, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাসের অনুকূলে "রোজেটা এসোসিয়েটস লিঃ" নামক ব্যবসা প্রতিষ্ঠানের নামে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে কনসালটেন্সি/আমদানী-রপ্তানী ও সরবরাহকারী ব্যবসার জন্য ট্রেড লাইসেন্স প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, বাড়ীতে ব্যবসা প্রতিষ্ঠানের নামে কোন ধরনের সাইনবোর্ড লাগানো যাবে না।

**আলোচ্যসূচী-১৩ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দকরণ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩/৬/২০১৩ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা-১২০-এ/শা-৩/১৭০ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে একটি বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মাণের সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। শীঘ্রই মার্কেট নির্মাণ কাজ শুরু করা হলে বিদ্যমান দোকানসমূহ অপসারণ করতে হবে বিধায় নতুনভাবে দোকান করার জন্য স্থান বরাদ্দের অবকাশ নেই। তবে নতুন মার্কেট নির্মাণ হলে আবেদনটি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যসূচী-১৪ঃ** প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র প্রাপ্ত মেসার্স সামি এন্টারপ্রাইজ, মেসার্স গুলশান ইন্টারন্যাশনাল, মেসার্স আদনান ট্রেড ইন্টারন্যাশনাল এবং মেসার্স সান এন্ড আর এসোসিয়েট-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্তি এবং তালিকাভুক্তির নিমিত্তে প্রাপ্ত ২৯টি আবেদনপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর হতে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্ত মেসার্স সামি এন্টারপ্রাইজ, মেসার্স গুলশান ইন্টারন্যাশনাল, মেসার্স আদনান ট্রেড ইন্টারন্যাশনাল এবং মেসার্স সান এন্ড আর এসোসিয়েট-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট আবেদনপত্রগুলো নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হোক। এ প্রসংগে উল্লেখ্য যে, ভবিষ্যতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার তালিকাভুক্তি এবং ঠিকাদারদের শ্রেণী বিন্যাসের একটি পূর্ণাঙ্গ নীতিমালা তৈরীর জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। -- সভাপতি
(২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৩) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত দ্বিতীয় শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রিকহাম ইন্টারন্যাশনাল-কে প্রথম শ্রেণীতে উন্নীত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত দ্বিতীয় শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রিকহাম ইন্টারন্যাশনাল-কে প্রথম শ্রেণীতে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর জেনাঃ হারুনুর রশিদ | ৭২৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (২) | ক্যাপ্টেন এম এমদাদুল হক | ৭৯৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৩) | উইং কমান্ডার এ আর এম আনোয়ারুস সালেকীন (অবঃ) | ৮৯৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৪) | ব্রিগেঃ জেনাঃ এ কে এম শফিউল মাওলা, পিএসসি | ৯১৪ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৫) | (ক) ব্রিগেঃ জেনাঃ আবুল ফজল সৈয়দ আব্দুল ওয়াসী<br>(খ) লেঃ কর্ণেল সাজেদা সুলতানা | ৯৩৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৬) | ব্রিগেঃ জেনাঃ এ বি এম গোলাম মুস্তফা | ৯৭১ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৭) | লেঃ কর্ণেল মিরাজ আহমেদ চৌধুরী | ৯৯৬ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৮) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ ওয়াহিদুজ্জামান<br>মেজর (অবঃ) শেখ সালাউদ্দিন আহমেদ | ১০৮৪<br>১০৮৬ | মিরপুর ডিওএইচএস | - | ০২টি প্লটে যৌথভাবে ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৯) | লেঃ কর্ণেল ডাঃ তপন কান্তি দাস (অবঃ) | ১১০৬ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১০) | জনাব মোঃ নজরুল ইসলাম | ১১৪২ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১১) | লেঃ কর্ণেল মীর মোঃ মোতাহার হাসান, পিএসসি (অবঃ) | ১১৯৮ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১২) | ইঞ্জিঃ আকিল আহমেদ খান | ১২৯৮ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১৩) | উইং কমান্ডার এম হুমায়ুন কবীর (অবঃ) | ১৩২৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১৪) | কমান্ডার মোঃ বানিজ আলী | ১৩২৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১৫) | কর্ণেল মোঃ আনিসুর রহমান চৌধুরী | ১৩৪২ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১৬) | ব্রিগেঃ জেনাঃ আব্দুল কুদ্দুস | ১৩৬৪ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (১৭) | মিসেস সালেহা খানম | ১৩৮ | মহাখালী ডিওএইচএস | ১৬/৭/২০১৩ | সংশোধিত ০৭(সাত) তলা ভবন (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৮) | জনাব মোঃ গোলাম মোস্তফা | ১০৩ | বারিধারা ডিওএইচএস | ১৯/৬/২০১৩ | ০৬ তলার উপর ০৭ তলা |
| (১৯) | মেজর (অবঃ) মোহাম্মদ শফিক উল্লাহ | ৩৩৫ | বারিধারা ডিওএইচএস | ১১/৬/২০১৩ | ০৬ তলার উপর ০৭ তলা |
| (২০) | জনাব এস এম জাহাঙ্গীর | ৫১৬/৪ | বারিধারা ডিওএইচএস | ১৪/৭/২০১৩ | পুরাতন একতলা ভবন ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ। |
| (২১) | (ক) মোঃ সাখাওয়াত হোসেন<br>(খ) ফরিদা হোসেন | ১০৫ | বনানী ডিওএইচএস | ০৩/৭/২০১৩ | সংশোধিত ০৫ (পাঁচ) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২২) | (ক) হাজী মোঃ মোতাহার হোসেন মৃধা<br>(খ) হোসনে আরা বেগম | সিবি-২৫১/১<br>সিএস-১৪৪,<br>১৪৯(অংশ) | কচুক্ষেত পুরান বাজার<br>মৌজা- লালাসরাই | -- | ০৭(সাত) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১৬ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৬টি প্লট, ক্রমিক নং-১৭ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-২০ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-২১ এ বর্ণিত বনানী ডিওএইচএস এর ১টি প্লট এবং ক্রমিক নং-২২ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ১টি প্লটসহ মোট ২০টি প্লটে ০৭(সাত)/০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং- ১৮ ও ১৯ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৭ঃ মিরপুর ডিওএইচএস এর ৮১১ নং প্লটে বাড়ী নির্মাণের সময়সীমা বৃদ্ধি প্রসংগে উক্ত প্লটের বরাদ্দলাভকারী মেজর জেনাঃ মোঃ নাসির উদ্দিন এর ১৫/৭/২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে অনুমোদিত নকশার মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য অর্থাৎ ০৬/৯/২০১৪ তারিখ পর্যন্ত বাড়ী নির্মাণের সময়সীমা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ মিরপুর ডিওএইচএস এর ১০৬২ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার JIT Properties Ltd কর্তৃক রাস্তার ক্ষতিপূরণের অর্থ মওকুফের ২৬/৬/২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ডেভলোপারের আবেদনটি বিবেচনা করার অবকাশ নেই মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-১৯ঃ মিরপুর ডিওএইচএস এর ১৩৩০ নং প্লটে ০৭(সাত) তলা ভবনের সংশোধিত স্ট্রাকচারাল নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ১৩৩০ নং প্লটে ০৭(সাত) তলা ভবনের সংশোধিত স্ট্রাকচারাল নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার রাস্তা মেরামত/কার্পেটিং কাজের টেন্ডার বাতিল করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের প্রয়োজনীয় মেরামত ও সংস্কার কাজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছিল। কিন্তু ডেসকো কর্তৃক রাস্তা কর্তন করায় ঐ স্পেসিফিকেশনে কাজ করা সম্ভব না হওয়ায় নতুন করে প্রকল্প তৈরী করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পগুলোর টেন্ডার বাতিল করে নতুন করে দরপত্র আহ্বানপূর্বক জরুরী ভিত্তিতে কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ সরণির ১১৯ নং ইলেক্ট্রিক পোল হতে দক্ষিণ দিকে ভিআইপি কমপ্লেক্স পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ৮,৬২,৭২২/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | শহীদ সরণির ভিআইপি কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে সেনা কেন্দ্রীয় মসজিদের আউট গেইট পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ৯,৬৯,৪৯৪/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩) | শহীদ সরণির সেনা কেন্দ্রীয় মসজিদের আউট গেইট হতে দক্ষিণ দিকে ৯২ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ৮,৬৩,৫৭৬/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৪) | শহীদ সরণির ৯২ নং ইলেক্ট্রিক পোল হতে দক্ষিণ দিকে পুরাতন জেনারেল হাসপাতাল পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ১০,৩৭,৮২৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৫) | শহীদ সরণির পোষ্ট অফিস হতে উত্তর দিকে সিএসডি গ্যারেজ পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ৯,৬৩,৫১৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৬) | শহীদ সরণির সিএসডি গ্যারেজ হতে উত্তর দিকে ১৯১ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ১০,৬৭,৭২৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৭) | শহীদ সরণির ১৯১ নং ইলেক্ট্রিক পোল হতে (সেনাকুঞ্জের প্রবেশ গেইট) হতে উত্তর দিকে ১৭৬ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ১১,২৩,২৪৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৮) | স্বাধীনতা সরণির চৌরাস্তা হতে দক্ষিণ দিকে ২৪৬ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ১৩,৮৪,৬১৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৯) | শহীদ সরণির আইএসপিআর পরিদপ্তর হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তার ৫১ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্বে) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ১৯,৪৫,২১৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (১০) | ঢাকা সেনানিবাসের ২০টি শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ। | ৩,৫৬,৭৭৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (১১) | ঢাকা সেনানিবাসের আজিজ পল্লী খেলার মাঠে ২টি গোল পোষ্ট স্থাপন কাজ। | ৯৩,৮৩৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১২) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর সংলগ্ন গাইড ওয়াল মেরামত ও শহীদ সরণির ফুটপাতের রেলিং মেরামত ও সংস্কারকরণ। | ৩৫,৩৬২/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৩) | ডিজিএফআই অফিসের সামনের রাস্তার স্পীড ব্রেকারের মার্কিং পেইন্টকরণ (৫টি)। | ১২,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৪) | শহীদ মইনুল রোডের অফিসার্স কোয়ার্টার এলাকায় শিশু পার্কে খেলনা সামগ্রী মেরামতসহ রং করণ | ২৫,৩৩৩/- টাকা | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| (১৫) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ২৫/ডি, ২৫/২, ২৬/ডি ও ক্যান্ট হাউজের পানির লাইন মেরামত ও পানির ট্যাংকি পরিস্কারকরণ। | ৮৫,৭১৪/- টাকা | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| (১৬) | হাজী মহসিন সংলগ্ন শাখা রাস্তায় ট্রাফিক সিগন্যাল লাইট স্থাপন। | ১,৫৮,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |

| | | | |
|---|---|---|---|
| (১৭) | বারিধারা ডিওএইচএস বাইপাস ও স্কুল গেইট স্টাফ রোড পর্যন্ত বিস্তৃত সড়ক দুটিতে এনার্জি সেভিং লাইট পরিবর্তন করে টিউব লাইট স্থাপন। | ১,৬৯,২৬৫/- টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৮) | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে পিএ ইকুইটমেন্ট সরবরাহ ও স্থাপন। | ৩,৩২,৩০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (১৯) | বনানী কবরস্থানের প্রবেশ পথ মেরামত ও কার্পেটিং কাজ। | ৭,৮৩,৩১৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২০) | বৈদ্যুতিক নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষনাবেক্ষণের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয়। | ২২,১১,২২০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঙ-২-খ) |
| (২১) | বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু কুর্মিটোলা আবাসিক এলাকায় ০৫টি শিশুপার্কে নতুন আইটেম স্থাপন ও পুরাতন আইটেম পরিবর্তন কাজ (বিএএফ বেস বঙ্গবন্ধু, ঢাকা সেনানিবাসের ০৭/৭/২০১৩ তারিখের পত্রের প্রেক্ষিতে)। | ২৬,২৩,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২২) | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-২, ৩, ৬ ও ওয়েষ্টার্ণ রোডের স্পীড ব্রেকার নির্মাণ কাজ (বনানী ডিওএইচএস পরিষদ এর ৬/৭/১৩ তারিখের পত্রের প্রেক্ষিতে)। | ১,৭৪,৬৬৭/- টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৩) | সেনানিবাস কবরস্থানের দক্ষিণ দিকে ২টি নতুন লেন নির্মাণসহ ৩টি পুরাতন লেনের পূর্ব দিকের বাকি অংশে মাটি ভরাটসহ লেন নির্মাণ। | ৯,৭৮,২৩৪/- টাবা | অনুদান |
| (২৪) | মহাখালী ডিওএইচএস এলাকার সদ্য সমাপ্ত রোড গুলিতে থার্মো প্লাস্টিক এর মাধ্যমে লেন মার্কিং। | ১০,৮৭,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২৫) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন স্টাফ কোয়ার্টারের রান্না ঘর নির্মাণ, গ্যাস, পানি ও বিদ্যুৎ লাইন স্থাপন কাজ। | ৫১,৪৪৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৬) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৯৭ (টিনশেড) মেরামত ও সংস্কার কাজ। | ১২,৩৯৮/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৭) | বনানী ডিওএইচএস এলাকার শিশু পার্ক মেরামত ও রংকরণসহ মাঠের চতুর্দিকে গ্রীল রংকরণ কাজ। | ১,৯৪,৯৩০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৮) | জনতা ব্যাংক লিঃ রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখার অতিরিক্ত মেরামত ও সাজসজ্জা কাজ। | ৬১,৭৭০/- টাকা | রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৯) | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,৩০,৪৫০/- টাকা | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৩০) | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে আরসিসি স্ল্যাব নির্মাণ। | ১,৪০,২০৫/- টাকা | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৩১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-১০ এবং অরুণিমা ফিলিং স্টেশনের বিপরীতে রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং করণ ও ড্রেন নির্মাণ নির্মাণ কাজ। | ৪১,৬৬,৫২৮/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং ভবনের উত্তর প্রান্ত হতে ৮ নং রোডের দক্ষিণ প্রান্ত পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৪,৭৫,২৯৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের দক্ষিণ প্রান্ত হতে ৬/এ নং রোডের দক্ষিণ প্রান্ত পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৩,৬৪,২৫০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের দক্ষিণ প্রান্ত হতে ৪ নং রোডের দক্ষিণ প্রান্ত পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৯,৯৮,৭৮৪/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের দক্ষিণ প্রান্ত হতে ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ২৬,৫২,১৫৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের দক্ষিণ প্রান্ত হতে ডর্মিটরীর উত্তর প্রান্ত পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৩,৬৪,২৫০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ডর্মিটরীর উত্তর প্রান্ত হতে ৪ নং পানির পাম্পের উত্তর প্রান্ত পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৪,২৭,৭০৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং পানির পাম্পের উত্তর প্রান্ত হতে মুসলিম মডার্ণ স্কুলের পূর্ব গেইট পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৩২,৯৯,৫৮১/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৮,৯২,৩৮১/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৪০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোডের রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৪,২৭,৭০৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১১, ১২, ১৩, ১৪, ১৫, ২০, ২৫, ২৬, ২৭ ও ২৮ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | বারিধারা ইন্টারন্যাশনাল স্কুলের সামনে রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,৮৩,৮৯৮/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৫,০৩,২৫৩/৯২ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| ২। | বারিধারা ডিওএইচএস এর সিকিউরিটি ব্যারাকের ৩য় তলায় বাথ রুম নির্মাণ। | ১,৪০,০০০/- টাকা | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৬৫,৪৬৯/৩৩ | ডিওএইচএস উন্নয়ন তহবিল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন ভবন ভাংগার কাজ শুরু হওয়ায় ছাত্র/ছাত্রীদের চলাচলের জন্য বিকল্প রাস্তা নির্মাণ কাজ। | ৫,৪১,০৭৮/-টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৫,৬২,৭২১/১২ | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের শ্রেণী কক্ষে প্যাডেস্টাল পাখা স্থাপনের পরিবর্তে ১৩টি সিলিং ফ্যান সরবরাহ ও স্থাপন। | ৬৭,৭১০/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৭০,৪১৮/৪০ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল |
| ৫। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সিইওর অফিস কক্ষে জিপসাম বোর্ডের সিলিং অনার বোর্ড, বুক শেলফ্ সাইড কেবিনেট সরবরাহ ও স্থাপন। | ১,৯৯,০৬৪/- টাকা | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৯৯,০৬৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪/সি নং বাসার দরজা জানালা মেরামত করণ। | ৫৫,০৩০/- টাকা | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৫৫,০৩০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-৯ মেরমত ও চুনকাম করণ কাজ। | ৩৩,১২২/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৩৩,১২২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা নং ১০৮(৩য় তলা) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৬১,৪৬৬/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৬১,৪৬৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১০১ (৩য় তলার উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও সংস্কার করণ কাজ। | ৫৯,৩৫৭/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৫৯,৩৫৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১০। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর অফিস ভবন মেরামত ও সংস্কার কাজ। | ৫,৩১,০৯৩/- টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিঃ এন্ড কোং | ৫,৩১,০৯৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১১। | সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ৬০-০˝ চওড়া মেইন রোডে ও রোড নং-৪৯ এর ম্যানহোলের উচ্চতা বৃদ্ধিসহ মেরামতকরণ কাজ। | ১,৪৯,৩০১/- টাকা | এস হায়দার এন্ড এসোসিয়েটস্ | ১,৫৫,২৭৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/ই রোড নং-০৪ এর বাসা সংলগ্ন পশ্চিম পার্শ্বে ড্রেনের উপর স্লাব নির্মাণ ও মেরামত কাজ। | ৩৩,৮৯১/- টাকা | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৩৫,১৬১/৯১ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৩। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লট নং-৬৩০ হতে ৭৭৯ নং প্লট পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিকরণ কাজ। | ২৩,৬৯,৫৮০/- টাকা | মেসার্স জিএম ট্রেডার্স | ২৭,২২,১৭৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৪। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-২৫ এর প্লট নং-৮৩৭ এর সামনে (৩য় ধাপে) সলিং রাস্তা নির্মাণ কাজ। | ২,০০,৮৩৪/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ২,০৮,৮৬৭/৩৬ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৫। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৬৯৬ এর পূর্ব কর্ণারে (৩য় ধাপে) সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৫,৪২,৯০০/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ৫,৬৪,৬১৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৮ এর পাইপ ড্রেনের ম্যানহোলের উচ্চতা বৃদ্ধিসহ মেরামতকরণ কাজ। | ২,০৩,৩০১/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ২,১১,৬৪১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৭। | মহাখালী ডিওএইচএস এলাকার পার্কের ভিতরের চতুর্দিকে ওয়াকওয়ে নির্মাণ কাজ। | ২,২৪,৮১৬/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ২,৩৩,৮০৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ২১ হতে ২৭ নং পর্যন্ত সংযোগ রাস্তার সাব-বেজসহ কার্পেটিং কাজ। | ২,৬২,০১৯/- টাকা | মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ২,৭৩,৮০৯/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৯। | মহাখালী ডিওএইচএস এর মাজার শরীফের পার্শ্ব টয়লেট নির্মাণের অতিরিক্ত কাজ। | ৩,২৪,৯২৮/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ৩,৩৭,৯২৫/- | মাজার শরীফের সংশ্লিষ্ট তহবিল |
| ২০। | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ লিংক রোডের উত্তর প্রান্ত হতে ৯৬/বি নং প্লট পর্যন্ত সংযোগ রাস্তা বর্ধিতকরণসহ কার্পেটিং কাজ। | ৮৩,৭৫৭/- টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৮৬,৬৮৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ১০০ এর নিচতলা পরিত্যক্ত বাসা সংস্কার ও মেরামত কাজ। | ৬৬,২৮০/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ৬৬,২৮০/- | পরিত্যক্ত সম্পত্তির জমাকৃত অর্থ হতে |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের মধ্যে ক্রমিক নং-১৩ ব্যতীত অন্যান্য দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ও ১২ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১৩ এ উল্লেখিত প্রকল্পটি ১৪.৮৭% বেশী দর দাখিল করায় তা বাতিল করে পুনঃ দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ বর্ধিত করণ প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি প্রতিটি মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ৩০ জুন, ২০১৩৪ তারিখ হতে ৩০ মে, ২০১৪ তারিখ পর্যন্ত বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা এর শ্রেণী কক্ষ মেরামত ও সংস্কার বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের শ্রেণীকক্ষ মেরামত ও সংস্কার বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। বোর্ডের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য নেটওয়ার্ক প্রিন্টার সুবিধাসহ একটি উন্নতমানের ফটোকপিয়ার মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কাজের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় বিশেষায়িত কাজের উপযোগী একটি আধুনিক ফটোকপিয়ার প্রয়োজন। বিস্তারিত স্পেসিফিকেশন ও মূল্যানুমান প্রস্তুত করতঃ দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এছাড়া ব্যবহার অনুপযোগী পুরাতন ফটোকপিয়ারসমূহ বিধি মোতাবেক বাতিল ও নিলামের ব্যবস্থা নেয়া হোক।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৩-২০১৪ অর্থ বছরের স্টেশনারী মালামাল ক্রয়ের নিমিত্তে ১২,৮৫,৬৩০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৩-২০১৪ অর্থ বছরের স্টেশনারী মালামাল ক্রয়ের নিমিত্তে ১২,৮৫,৬৩০/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ঠিকাদার মনোনয়ের জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ঃ স্বাধীনতা টাওয়ার নির্মাণ সাইটে ডিপ টিউবওয়েল স্থাপনের নকশা অনুমোদনের সংক্রান্ত স্বাধীনতা টাওয়ার প্রকল্প অফিস, প্রযত্নেঃ সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া, ঢাকা সেনানিবাসের ০১/৭/২০১৩ তারিখের ৩০১২/সেপকস/ডিপ টিউবওয়েল নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ যে স্থানে গভীর নলকূপটি স্থাপন করা হবে, সে স্থানের পানি প্রত্যাহারের নিয়ন্ত্রিত এলাকার আওতায় অন্য কোন গভীর নলকূপের সমস্যা হবে কি না, সে বিষয়ে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস এবং বিমান বাহিনী কর্তৃপক্ষের মতামত গ্রহণ করে পরবর্তী কার্যক্রম করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ ঢাকা সেনানিবাসে ট্রাফিক এনহেন্সমেন্ট প্রজেক্ট বাস্তবায়নের জন্য ০৬টি স্পীড চেক রাডার, ৩০টি ট্রাফিক কোন উইথ রোটারী লাইট এবং ১৬টি ডিজিটাল স্ক্রল বার ক্রয়ের নিমিত্তে ৩৯,৬০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৮/৬/২০১৩ তারিখের ৬১৮/২/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসে ট্রাফিক এনহেন্সমেন্ট প্রজেক্ট বাস্তবায়নের জন্য ০৬টি স্পীড চেক রাডার, ৩০টি ট্রাফিক কোন উইথ রোটারী লাইট এবং ১৬টি ডিজিটাল স্ক্রল বার ক্রয়ের নিমিত্তে ৩৯,৬০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৯ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য লিন্ডে বাংলাদেশ থেকে বিভিন্ন মেডিক্যাল গ্যাসে ক্রয়ের বিল সরাসরি ক্রস্‌ড চেকের মাধ্যমে পরিশোধের বিষয়ে চীফ মেডিক্যাল অফিসার এর ২২/৭/২০১৩ তারিখের সিজিএইচ/বহি/৮২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে গত ২৭/২/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৯ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য লিন্ডে বাংলাদেশ থেকে বিভিন্ন মেডিক্যাল গ্যাসে ক্রয়ের বিল সরাসরি ক্রস্‌ড চেকের মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের গভর্নিং বডির সিদ্ধান্তের আলোকে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের গভর্নিং বডির চাহিদার প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) বিদ্যালয়ের বার্ষিকী ২০১৩ প্রকাশনা।
(খ) শ্রেণী কক্ষে হোয়াইট বোর্ড ও মাল্টি মিডিয়া প্রজেক্টরের ব্যবস্থাকরণ।
(গ) লাইব্রেরীর জন্য বই ক্রয়।
(ঘ) নতুন ভবন নির্মাণ। সিঁড়ি সম্প্রসারণ ও টয়লেট স্থাপন।

(ঙ) নতুন ভবনে নব-নির্মিত টয়লেট হস্তান্তরকরণ।
(চ) স্কুলের ড্রেন মেরামত ও সংস্কার।
(ছ) নতুন ভবনের পূর্ব পার্শ্বে সিঁড়ি সংযোজন।
(জ) শিক্ষক/শিক্ষিকাদের জন্য আবাসিক কোয়ার্টার নির্মাণ।
(ঝ) অভিভাবকদের জন্য অপেক্ষাগার নির্মাণ।

এ প্রসংগে উল্লেখ্য যে, বাজেট বরাদ্দ/প্রয়োজনীয় অর্থের যোগান সাপেক্ষে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যসূচী-৩১ঃ সেনাপল্লী হাই স্কুলের গভর্নিং বডির সিদ্ধান্তের আলোকে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনাপল্লী হাই স্কুলের গভর্নিং বডির চাহিদার প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-
(ক) বিদ্যালয়ের জন্য হোয়াইট বোর্ড, মার্কার ও স্টেজ স্থাপন।
(খ) শ্রেণী কক্ষের দেয়াল সংস্কার।
(গ) অভিভাবক ছাউনি নির্মাণ।
(ঘ) স্কুলের বাউন্ডারী ওয়াল সংস্কার।
(ঙ) স্কুলের পুরাতন পকেট গেইট ব্যবহার/সংস্কারকরণ।
(চ) মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবস্থাকরণ।
(ছ) বিশুদ্ধ খাবার পানি সরবরাহকরণ।
(জ) বিজ্ঞান বিভাগের জন্য বিষয় ভিত্তিক ল্যাবরেটরী কক্ষ প্রস্তুত।
(ঝ) বিদ্যালয়ের ডাস্ট বিন স্থাপন।

এ প্রসংগে উল্লেখ্য যে, বাজেট বরাদ্দ/প্রয়োজনীয় অর্থের যোগান সাপেক্ষে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যসূচী-৩২ঃ শহীদ রমজি উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রেরিত গভর্নিং বডির কার্যবিবরণী পত্রের উপর আলোচনা, অধ্যক্ষ কর্তৃক বিধি বহির্ভুত ব্যাংক হিসাব খোলা ও বোর্ড ফান্ডে টাকা প্রদান না করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ১১/৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের গভর্নিং বডির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচিত বিষয়টিসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে উপস্থাপন করা হয়নি। গভর্নিং বডির সদস্য-সচিব এর বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত সভার কার্যবিবরণী স্থগিত রাখারও সিদ্ধান্ত হয়েছিল যা অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত কার্যবিবরণীতে উল্লেখ করা হয়নি। এছাড়াও কলেজের অধ্যক্ষ কর্তৃক ছাত্র-ছাত্রীদের বেতন আদায়ের জন্য সংশ্লিষ্ট একাউন্টস কোড ভঙ্গ করে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে আলাদা হিসাব খুলে বোর্ডের অংশ ক্যান্টনমেন্ট বোর্ডে না পাঠিয়ে তাতে সমুদয় অর্থ জমা করেছেন। বিষয়টি গোচরে আসার পর ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক অধ্যক্ষকে কারণ দর্শানো নোটিশ জারী করা হলে তিনি একটি চেক এর মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডে অর্থ প্রেরণ করেন। কিন্তু কোন খাতের কত টাকা তার কোন বিবরণ প্রেরণ করেন নি। শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজে অনার্স কোর্স চালু করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি ব্যতিরেকে অধ্যক্ষ কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদন গ্রহণের জন্য যোগাযোগ করা হচ্ছে বলে জানা যায়। যা ক্যান্টনমেন্ট বোর্ড প্রশাসনের সাথে সাংঘর্ষিক এবং বিধি-বিধানেরও পরিপন্থী। বিস্তারিত পর্যালোচনান্তে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে শহীদ রমিজ উদ্দিন কলেজের অধ্যক্ষের এ সকল কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। কলেজে অনার্স কোর্স খোলার ব্যাপারে বোর্ডের অনুমোদন ব্যতিরেকে কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-৩৩ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর সেন্ট্রাল এয়ার কন্ডিশনার, ফায়ার ফাইটিং এবং ইলেক্ট্রোমেকানিক্যাল কাজের কনসালটেন্ট নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে প্রেজেন্টেশন গ্রহণ করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | জনাব এন এ কে আখতার হোসেন<br>সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৩৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার জন্য ~~একটি~~ ২টি ডাম্পার ট্রাক ক্রয়ের জন্য ৬০,০০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার জন্য ~~একটি~~ ২টি ডাম্পার ট্রাক ক্রয়ের জন্য ৬০,০০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। স্পেসিফিকেশন প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৫ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনে ডাক্তার চেম্বারসহ পুরাতন ভবনের সংস্কার মেরামত এবং নতুন ও পুরাতন ভবনের সংযোগ সেতু নির্মাণ ও ডাক্তারদের জন্য নির্মিতব্য চেম্বার ইজারা প্রদান প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনে ডাক্তার চেম্বারসহ পুরাতন ভবনের সংস্কার মেরামত এবং নতুন ও পুরাতন ভবনের সংযোগ সেতু নির্মাণ কাজের ডিজাইন, ড্রয়িং, মূল্যানুমান প্রস্তুত ও প্রকল্প বাস্তবায়ন মনিটরিং করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | জনাব এন এ কে আখতারুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | প্রতিনিধি, জিই (আর্মি) মেইন্ট সাউথ, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

এছাড়া জেনারেল হাসপাতালের ডাক্তার চেম্বার ইজারা প্রদান বিষয়ে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | জনাব মোঃ রেজাউল করিম, উপ-সহঃ প্রকৌঃ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৩৬ঃ ট্রাষ্ট ব্যাংক মোবাইল মানি কর্মসূচীর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র বেতন ও অন্যান্য ফি আদায়ের অনুমতি প্রদানের বিষয়ে ট্রাষ্ট ব্যাংক লিঃ এর ২১ জুলাই, ২০১৩ তারিখের টিবিএল/এইচকিউ/আইটি, এডিসিএন্ডএমবিডি/২০১৩/২৫২১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ নীতিগতভাবে প্রস্তাবটি অনুমোদন করা হলো। বাস্তবে মোবাইল মানি কর্মসূচীর মাধ্যমে বিদ্যালয়ের যাবতীয় আদায় জমা করার বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে লিখিত মতামত নিয়ে ১৯৫৫ সালের ক্যান্টনমেন্ট এ্যাকাউন্টস কোডের আলোকে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৭ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য এক্স-রে প্লেট ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ হাসপাতালের নতুন এক্স-রে মেশিনটি চালু করা হয়েছে। প্রতিদিনের চাহিদা পূরণের জন্য বিধি মোতাবেক এক্স-রে প্লেট ক্রয় করা এবং বাৎসরিক প্রয়োজন মেটানোর জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ-১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসের সিএসডি বাস স্ট্যান্ড, ওয়ার্কশপ বাস স্ট্যান্ড এবং পুরাতন এয়ার হেড কোয়ার্টার বাস স্ট্যান্ড সংলগ্ন ০৩টি টয়লেট সংস্কার ও মেরামত কাজ। | ৪,৩০,০৩৮/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | ক্যান্টনমেন্ট এর বিভিন্ন পকেট গেইট বন্ধকরণ কাজ। | ৫৪,৪১৫/- টাকা | মেরামত ও সংস্কার খাত |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টনমন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন ৭ নং রোডের ৭ নং ভবন (ডিএমএলএন্ডসি অফিস) এর ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজ। | ৬৬,৩৪,৪৯৭/- টাকা | অনুদান |
| (৪) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লট নং-৭০৬ হতে ৭০০ এবং প্লট নং-৭১৬ হতে ৭২২ পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ১৫,১৮,০৪৭/- টাকা | ডিওএইচএস উন্নয়ন তহবিল/বোর্ড ফান্ড |
| (৫) | মিরপুর স্টাফ কলেজ এলাকায় ২টি পাকা ডাস্ট বিন নির্মাণ। | ২,০৬,৬২২/- টাকা | আর্মি কঞ্জারভেন্সী খাত |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের আংশিক এবং ৪ ও ৫ এর সংযোগ সড়ক মেরামত ও কার্পেটিং কাজ। | ১৫,৬৬,৪২৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৭) | মিরপুর ডিওএইচএস এলাকায় শাপলা ভবনের নিকটবর্তী সিএন্ডডি টাইপ কোয়ার্টারের ছেলে মেয়েদের খেলাধুলার জন্য একটি কম্বাইন্ড স্লাইড ও একটি ডাবল কম্বাইন্ড স্যুইং সরবরাহ ও স্থাপন। | ৮,৬৬,৭৫৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৮) | মিরপুর ডিওএইচএস এর অবশিষ্ট ৩টি স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | ২,৭৪,৪৫০/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২ ও ৫ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৩ এর বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ-২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর (অবঃ) মোঃ নুরুল্লাহ্ | ১৩২৪ | মিরপুর ডিওএইচএস | - | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (২) | ক্যাপ্টেন এম এ বাসেত (অবঃ), বিএন | ৪৬৯ | মহাখালী ডিওএইচএস | ১৮/৭/১৩ | সংশোধিত ০৭(সাত) তলা অভ্যন্তরীন পরিবর্তন |
| (৩) | ব্রিগেঃ জেনাঃ এম আব্দুল হাফিজ (অবঃ) | ১০৬ | মহাখালী ডিওএইচএস | ১৮/৭/১৩ | ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা |
| (৪) | মেজর জেনাঃ তারিক আহমেদ সিদ্দিক, পিএসসি (অবঃ) | ১২২/২ | বারিধারা ডিওএইচএস | -- | সংশোধিত ০৭(সাত) তলা অভ্যন্তরীন পরিবর্তন |
| (৫) | কর্ণেল সৈয়দ আনোয়ার হোসেন (অবঃ) | ১৪১ | বারিধারা ডিওএইচএস | -- | সংশোধিত ০৬(ছয়) তলা অভ্যন্তরীন পরিবর্তন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৪ ও ৫ এ বর্ণিত মোট ০৪টি প্লটে ০৭(সাত)/০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং- ৩ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

৩৮ বিবিধ-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | প্রকৌশল শাখার জন্য ১০টি চেয়ার ক্রয়করণ। | ৪০,০০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৪১,৯৮০/- টাকা | প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত |
| ২। | ঢাকা সেনানিবাসস্থ ১৩ এমপি ইউনিটের জন্য ৩০টি স্টীলের নির্দেশিকা বোর্ড শহীদ জাহাঙ্গীর গেইটের নিকটবর্তী জিআই পাইপের রেলিং নির্মাণ। | ১,৩৫,২৮১/-টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৪১,৮৮২/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের চাহিদার প্রেক্ষিতে ২৫০ বর্গফুট হানিকম্ব রিফ্লেক্টিভ স্টীকার সরবরাহকরণ, সেনাকুঞ্জের সামনে দুর্ঘটনায় ভেঙ্গে যাওয়া ডিভাইডার পুনঃনির্মাণ এবং ৮ নং রোডের নিরাপত্তা গেইট মেরামত ও পুনঃস্থাপন। | ১,১০,০০০/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ১,১৪,৯৫০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | ২৫ ও ২৬ ফেব্রুয়ারি তৎকালীন বিডিআর এ শহীদ কর্মকর্তাদের স্মরণে কবরস্থানের সকল দেয়াল ও গ্রীলে রংকরণ। | ১,৯০,০০০/- টাকা | মেসার্স এম আর ট্রেড লিংক | ১,৯৬,২১৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি মনোক্রম ডিজিটাল ফটোকপিয়ার সরবরাহ। | ১,৭৫,০০০/- টাকা (বাজার দর) | মেসার্স এ্যারোমা ইন্টারন্যাশনাল | ১,৭৪,৫০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৩৮ বিবিধ-৪ঃ মহাখালী ডিওএইচএস এর ৪৪৪ নং প্লটে মাটি কাটার পূর্বে আরসিসি শোর পাইলিং স্থাপনের বাধ্যবাধকতা অমান্য করে আধুনিক যন্ত্রপাতি দিয়ে মাটি কেটে ৪৪৩ নং প্লটে নির্মিত বহুতল ভবনের অবকাঠামো ক্ষতি সাধন বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত জনাব কারার মাহমুদুল হাসান এর ২৩/০৭/২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ চূড়ান্ত নোটিশ প্রদান করে আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ-৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদোত্তীর্ণ ৮১টি দোকান পুনঃ বরাদ্দের বিষয়ে ৩১/৩/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদ উত্তীর্ণ ৮১টি দোকানের পুনঃবরাদ্দের বিষয়টি গত ৩১/৩/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সার্বিক বিষয় পর্যালোচনা করে সুপারিশমালা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির মতামত/সুপারিশ মোতাবেক প্রজেক্ট এরিয়ার মধ্যে যে ৩৭টি দোকান রয়েছে তাদেরকে অন্যত্র স্থানান্তর করে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামীতে দুই বছরের জন্য পুনঃ বরাদ্দ এবং প্রজেক্ট এরিয়ার বাহিরের ৪৪টি দোকান ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা সালামীতে ০৩(তিন) বছরের জন্য পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ-৬ঃ মিরপুর ডিওএইচএস এর ২৬৫ নং প্লটে নির্মিত বাড়ীর ভাড়াটিয়া লেঃ কর্ণেল মোঃ মোস্তাফিজুর রহমান (অবঃ) এর অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ২৬৫ নং প্লটে নির্মিত বাড়ীর ভাড়াটিয়া লেঃ কর্ণেল মোঃ মোস্তাফিজুর রহমান (অবঃ) এর অনুকূলে আমদানী, রপ্তানী, সরবরাহকারী ও আইসিটি ব্যবসা করার জন্য ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত বাড়ীতে কোন সাইনবোর্ড লাগানো যাবে না।

৩৮ বিবিধ-৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং পানির পাম্পের নিকটবর্তী এবং বিমান বাহিনী প্রধান মহোদয়ের বাসভবনের পিছনের খালি জায়াগায় দোকান নির্মাণের আবেদন সংক্রান্ত জনাব আবু ইলিয়াস রব্বানী লিখন ও মুরশিদা খাতুন এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, প্রস্তাবিত স্থানগুলো অব্যবহৃত ও নোংরা অবস্থায় পড়ে থাকায় অস্বাস্থ্যকর পরিবেশ বিরাজ করছে। এছাড়া জায়গাসমূহ খালি থাকার কারণে তা বেদখল হয়ে যাবার সম্ভাবনা বিদ্যমান। উক্ত স্থানগুলোতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক দৃষ্টি নন্দন ২টি দোকান নির্মাণ করে নির্ধারিত ভাড়ায় জনাব আবু ইলিয়াস রব্বানী লিখন ও মুরশিদা খাতুন এর অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ-৮ঃ ট্রেড লাইসেন্স ফি পুনঃ নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক ট্রেড লাইসেন্স ফি পুনঃ নির্ধারণ করা হলেও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইতোপূর্বের নির্ধারিত হারেই ট্রেড লাইসেন্স ফি আদায় করা হচ্ছে। বিস্তারিত আলোচনান্তে সিটি কর্পোরেশন এর সাথে সামঞ্জস্য রেখে ট্রেড লাইসেন্স ফি পুনঃ নির্ধারণের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব হেলাল আহমেদ, সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

৩৮ বিবিধ-৯ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে পুরুষ ও মহিলাদের নামাজের স্থান তৈরী বাবদ ৮৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ হাসপাতালের নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে পুরুষ ও মহিলাদের নামাজের স্থান তৈরী বাবদ ৮৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩৮ বিবিধ-১০ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের উত্তর পার্শ্বের গেইট বন্ধকরণসহ অন্যান্য কাজ।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বাৎসরিক অডিট নিরীক্ষা প্রসংগে।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আর্থিক অডিট ১৯৫৫ সালের ক্যান্টনমেন্ট এ্যাকাউন্টস কোড এর '৮' ধারা মোতাবেক এ্যাকাউন্ট্যান্ট জেনারেল দ্বারা নিরীক্ষা করার বিধান রয়েছে। এ বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বরাতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৪/৩/২০১৩ তারিখের নির্দেশনায় প্রতিরক্ষা অডিটকে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আদেশটি ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে প্রযোজ্য হবে কি না স্পষ্টীকরণের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে বিস্তারিতভাবে কাগজাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | |
|---|---|
| 07.08.2013 | ৭/৮/১৩ |
| **( মোঃ রেজাউল ইসলাম )** | **(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম)** |
| সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড | প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড |
| ও | ও |
| ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার | স্টেশন কমান্ডার |
| ঢাকা ক্যান্টনমেন্ট। | ঢাকা সেনানিবাস। |

পরিশিষ্ট- 'ক'

# সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) কমান্ডার সানাউল নোমান, বিএন উপস্থিত
প্রতিনিধি
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) উইং কমান্ডার মোঃ জাহাঙ্গীর আলম তালুকদার, পিএসসি উপস্থিত
প্রতিনিধি
অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মেজর নাজ আখতার হোসেন উপস্থিত
প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ জাকির হোসেন পাটওয়ারী, ওসি, এসএইচও অনুপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক অনুপস্থিত
বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্মেদ উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মোঃ মাহবুব জামিল উপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।